

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে
অটিজম সংক্রান্ত শিশুদের সম্পর্কে জ্ঞান যাচাইকরণ বিষয়ক গবেষণার ফলাফল প্রকাশ ও সেমিনার অনুষ্ঠিত
“নার্সদের জন্য ইন সার্ভিস ট্রেনিং ও কনটিউনিউ মেডিক্যাল এডুকেশনের সুপারিশ”

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের গ্রাজুয়েট নার্সিং বিভাগের উদ্যোগে আজ ১১ জুলাই ২০১৮ইং, বুধবার, দুপুর ১২টায় পরীবাগস্থ বিভাগের একাডেমিক ভবনে “অটিজম সংক্রান্ত শিশুদের সম্পর্কে জ্ঞান যাচাইকরণ বিষয়ক (Assessment of nurse’s knowledge on childhood autism at selected hospital in Bangladesh)” শীর্ষক গবেষণার ফলাফল প্রকাশ করা হয় এবং এ বিষয়ে একটি সেমিনারের আয়োজন করা হয়। গুরুত্বপূর্ণ ওই সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কনক কান্তি বড়ুয়া। সভাপতিত্ব করেন বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের সম্মানিত উপ-উপাচার্য (গবেষণা ও উন্নয়ন) অধ্যাপক ডা. মোঃ শহীদুল্লাহ সিকদার। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এ বিশ্ববিদ্যালয়ের সম্মানিত উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ, কোষাধ্যক্ষ অধ্যাপক ডা. মোহাম্মদ আলী আসগর মোড়ল, নার্সিং অনুষদের ডীন অধ্যাপক ডা. অসীম রঞ্জন বড়ুয়া, পরিচালক হাসপাতাল বিগ্রেডিয়ার জেনারেল মোঃ আব্দুল্লাহ আল হারুন, চীফ এস্টেট অফিসার ও নার্সিং ডেভেলপমেন্ট কমিটির সদস্য সচিব ডা. একেএম শরীফুল ইসলাম। গবেষণালব্ধ প্রবন্ধ উপস্থাপন করেন গ্রাজুয়েট নার্সিং বিভাগের চেয়ারম্যান অধ্যাপক মেবেল ডি রোজারিও। স্বাগত বক্তব্য রাখেন সহযোগী অধ্যাপক হরিদাস অধিকারী। ধন্যবাদ জ্ঞাপন করেন সহকারী অধ্যাপক মোঃ হারুন-উর-রশিদগাজী। ঢাকা জেলার বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতাল, ঢাকা শিশু হাসপাতাল, ইনস্টিটিউট অব চাইল্ড হেল্থ ও শিশু হাসপাতাল ফাউন্ডেশন, স্যারসলিমুল্লাহ মেডিক্যাল কলেজ হাসপাতাল (মিটফোর্ড হাসপাতাল) ও শহীদ সোহরাওয়ার্দী মেডিক্যাল কলেজ হাসপাতালসহ মোট ৬টি হাসপাতালের ২১০ জন নার্সের উপর এই গবেষণাটি পরিচালনা করা করা হয়। গবেষণায় অংশগ্রহণকারী নার্সদের গড় বয়স ৩২.১২ বৎসর, ৯১% নারী, ৭৩.৩% ডিপ্লোমা নার্স, ৬২.৯% এর কাজের অভিজ্ঞতা ১-৭ বৎসর, ৬৪ % শিশুওয়ার্ডে কর্মরত ও ২৪.৩% অটিজম আক্রান্ত শিশুদের ব্যবস্থাপনার সাথে সম্পৃক্ত ছিল এবং ৪.৮% এর অটিজমের উপর প্রশিক্ষণ রয়েছে। গবেষণার ফলাফলের ভিত্তিতে নার্সদের জন্য ইন সার্ভিস ট্রেনিং ও কনটিউনিউ মেডিক্যাল এডুকেশন (Continuing medical education)-এর সুপারিশ করা হয়। গ্রাজুয়েট নার্সিং বিভাগের চেয়ারম্যান অধ্যাপক মেবেল ডি রোজারিও তাঁর উপস্থাপিত প্রবন্ধে আরো উল্লেখ করেন, অটিজম জ্ঞান বিষয়ক প্রশ্নমালার চার (০৪) টি ডোমেনের মধ্যে ২নং ডোমেনে (যোগাযোগের বাধা সম্পর্কিত প্রশ্নাবলী) নার্সদের জ্ঞান সবচেয়ে বেশী ২.৬১ (মোট ৩ নম্বরের মধ্যে) পাওয়া যায়। পরবর্তী উচ্চতর নম্বর ছিল ডোমেন ১ এ (সামাজিক যোগাযোগের ক্ষেত্রে প্রতিবন্ধকতামূলক প্রশ্নাবলী) ৬.৪৮ (মোট ৮ নম্বরের মধ্যে)। তৃতীয় নম্বর ছিল ডোমেন ৩ এ (অত্যধিক ও পুনরাবৃত্তিমূলক আচরণের ধরণ সম্পর্কিত প্রশ্নাবলী) ২.৫৯ (মোট ৪ নম্বরের মধ্যে) এবং সর্বনিম্ন নম্বর ছিল ডোমেন ৪ এ (অটিজমের ধরণ এবং সম্ভাব্যসহ অসুস্থতা সম্পর্কিত প্রশ্নাবলী) ৪.২৭ (মোট ৭ নম্বরের মধ্যে)। বাইভেরিয়েট অ্যানালাইসিস করে অংশগ্রহণকারীদের বয়স এবং জ্ঞান, কাজের অভিজ্ঞতা ও জ্ঞানের মধ্যে গুরুত্বপূর্ণ সম্পর্ক পাওয়া গেছে। ইহা ছাড়া লিঙ্গ ও জ্ঞানের মধ্যেও গুরুত্বপূর্ণ সম্পর্ক পাওয়া গেছে।

